# সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ৮

১. রাসূলুল্লাহ (ﷺ) এর দৈহিক গঠন (باب ما جاء في خلق رسول الله ﷺ)

আরবী

حَدَّثَنَا سُفْيَانُ بْنُ وَكِيعٍ ، حَدَّثَنَا حُمَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الرُّؤَاسِيُّ ، عَنْ زُهَيْرٍ ، عَنْ أَبِي إِسْحَاقَ ، قَالَ : سَأَلَ رَجُلٌ الْبَرَاءَ بْنَ عَازِبٍ : أَكَانَ وَجْهُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مثل السَّيْفِ ؟ قَالَ : " لا ، بَلْ مثل الْقَمَرِ " .

বাংলা

৮. আবু ইসহাক হতে বর্ণিত। তিনি বলেন, একবার বারা ইবনে আযিব (রাঃ) কে এক ব্যক্তি জিজ্ঞেস করল, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চেহারা কি তরবারির ন্যায় ছিল? তিনি বললেন, না; বরং তা ছিল চাঁদের মতো।[1]

## English

Abu-Ishaaq says: "A person once asked Baraa bin Aazib (Radiallahu anhu), "Was the face of Rasulullah (Sallallahu alaihe wasallam) shining like a sword?" He replied: "No but like a full-moon with its roundness."

ফুটনোট

[1] সহীহ বুখারী, হা/৩৫৫২; মুসনাদে আহমাদ, হা/১৮৫০১; দারেমী, হা/৬৪; সহীহ ইবনে হিব্বান, হা/৬২৮৭।

ব্যাখ্যা

তরবারির সাথে সাদৃশ্য করা এ জন্য ত্রুটিযুক্ত ছিল যে, এতে চেহারা অধিক লম্বা হওয়ার ধারণা সৃষ্টি হতে পারে। তাছাড়া তরবারির চমকে শুভ্রতা বেশি থাকে, কিন্তু উজ্জ্বলতা থাকে না। তাই বারা ইবনে আযিব (রাঃ) তরবারির কথা অস্বীকার করে চাদের সাথে তুলনা করেছেন।

---

In making a comparison with a sword, it may have meant that Sayyidina Rasulullah (Sallallahu alaihe wasallam) had a long face. However the glitter of a sword has more whiteness than being luminous. For this reason Sayyidina Baraa (Radiallahu anhu) gave the similarity of the full moon, and not that of a sword. All these similarities are approximate descriptions, otherwise even a thousand moons cannot give the brightness of Sayyidina Rasulullah (Sallallahu alaihe wasallam). An Arab poet says: "If you want to describe a shortcoming of a beloved, then give the beloved a similitude of a full moon. This is enough to insult him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48922

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন